
# এইসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বিষয় কোড | ২ | ৮ | ৬ |

## বিষয় ঃ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘন্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

(যেকোনো ৭টি প্রশ্নের উত্তর দাও )



১. ২০১৪ সালে প্রতিষ্ঠানটি ২২,০০০ হাজার ইউনিট পণ্য উৎপাদন করে। প্রতিযোগি সমমানের প্রতিষ্ঠানগুলো উদ্দীপকের প্রতিষ্ঠানের তুলনায় কম মূল্যে পণ্য বিক্রয় করায় প্রতিষ্ঠানটির অধিকাংশ পণ্য অবিক্রিত থেকে যায়। ফলে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির সম্মুখীন হচ্ছে।

ক. উৎপাদন মাত্রা কী? ১

খ. মাঝারি প্রতিষ্ঠান [illegible] কিরূপ ভূমিকা পালন করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠানের কাম্য মাত্রা কত? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠান কর্তৃক ২২,০০০ একক পণ্য উৎপাদনের সিদ্ধান্ত গ্রহণের যথার্থতা মূল্যায়ন কর। ৪

২. 'ক' দেশে ২০১৪-১৫ অর্থ বছরে জাতীয় আয়ের পরিমাণ ১ কোটি টাকা এবং মোট জনসংখ্যা ২০ কোটি। উক্ত বছরে মোট ভোগ ব্যয় ৫,০০০ কোটি টাকা। মোট বিনিয়োগ ব্যয় ২,০০০ কোটি টাকা এবং সরকারি ব্যয় ২,০০০ কোটি টাকা। অপরদিকে 'খ' দেশে অন্যান্য অবস্থা একই রকম হলেও জনসংখ্যা কম হওয়ার কারণে মাথাপিছু আয় ৭,০০০ টাকায় উন্নীত হয়।

ক. জাতীয় আয় কী? ১

খ. মাথাপিছু আয় কিভাবে নির্ণয় করা হয়— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের আলোকে ২০১৪-১৫ অর্থ বছরের জন্য 'ক' দেশের GDP এর পরিমাণ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'ক' দেশের সাথে 'খ' দেশের মাথাপিছু আয়ের ভিত্তিতে অর্থনৈতিক অবস্থা তুলনা কর। ৪

http://teachingbd.com

৩. সজীব বিবিএ পাশ করে ২,৫০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করে। ১,০০,০০০ টাকার কাঁচামাল এবং ৫০,০০০ টাকার অন্যান্য উপকরণ ক্রয় করে ৩,০০,০০০ টাকা মূল্যের বাঁশ ও বেতের নান্দনিক পণ্য তৈরি করে। অন্যদিকে জালাল ৩,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসায় শুরু করে। ১,৫০,০০০ টাকার কাঁচামাল এবং ৭৫,০০০ টাকার অন্যান্য ব্যয় করে ৩,০০,০০০ টাকার পণ্য উৎপাদন করে।

ক. বহু উপকরণ উৎপাদনশীলতা কী? ১

খ. কিভাবে পণ্যের স্বত্বগত উপযোগ সৃষ্টি হয়? ২

গ. উদ্দীপকে উল্লেখিত সজীবের প্রতিষ্ঠানের উৎপাদনশীলতা নির্ণয় কর। ৩

ঘ. জীবনযাত্রার মান উন্নয়নে কোন প্রতিষ্ঠানটি বেশি ভূমিকা রাখছে? মূল্যায়ন কর। ৪

৪. জনাব রিয়াজ ১০০ বিঘা জমির মালিক। তিনি ৫০ বিঘা জমিতে চিংড়ি ঘের স্থাপন করেন। এ কাজ সম্পাদনে তিনি ব্যাংক থেকে ৫ কোটি টাকা ঋণ নিয়ে বিভিন্ন যন্ত্রপাতি ক্রয় করেন। এতে তার ব্যবসায় ভাল মুনাফা হচ্ছিল। কিন্তু অতিরিক্ত বেতনের আশায় বেশ কিছু শ্রমিক ডিসেম্বর মাসে অন্য একটি প্রতিষ্ঠানে চলে যায়। এতে কিছু সময়ের জন্য প্রতিষ্ঠানে স্থবিরতা দেখা দেয়। দক্ষ শ্রমিকের অভাবে কিছু ঘেরের চিংড়ি ক্ষতিগ্রস্থ হয়। এতে রিয়াজ সাহেবের [illegible] খানেকের মধ্যে জনাব রিয়াজ প্রয়োজনীয় সংখ্যক শ্রমিক প্রশিক্ষণ দিয়ে নিয়োগ দেন। এতে স্থবিরতা কেটে যায়।

ক. ভূমি কী? ১

খ. মূলধন গঠন নির্ভর করে সঞ্চয়ের ইচ্ছার উপর? ব্যাখ্যা কর। ২

গ. উৎপাদনের কোন উপকরণের অভাবে প্রতিষ্ঠানটির লোকসান হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. দক্ষ সংগঠন ব্যবহার কারণে উদ্দীপকের প্রতিষ্ঠানটির স্থবিরতা কাটিয়ে উঠতে সক্ষম হয়েছে। তুমি কি একমত? যুক্তিসহ মতামত দাও। ৪

৫. ডেল গ্রুপ ১ লক্ষ পিস শার্ট তৈরির অর্ডার পায়। তবে শর্ত হলো ১৫, ১৫$^{১/২}$, ১৬ এবং ১৬$^{১/২}$ সাইজের (প্রতি সাইজের) ২৫,০০০ শার্ট তৈরি করে সরবরাহ করতে হবে। শর্ত মোতাবেক শার্ট সরবরাহ করা হলে অর্ডারকারী প্রতিষ্ঠানের কর্মকর্তারা দৈব চয়নে ৫০টি শার্ট (৪টি সাইজের) পরিমাণ করে দেখতে পান ১০টি শার্ট ১৫$^{১/৪}$, ১০টি ১৬$^{১/২}$ এবং ১৫টি শার্ট ১৬$^{১/৪}$ সাইজের। এমতাবস্থায় কোম্পানি ফরমায়েশ বাতিল করে। ফলশ্রুতিতে ডেল গ্রুপ ব্যাপক ক্ষয়ক্ষতির সম্মুখীন হন।

ক. মান কী? ১

খ. মান ব্যবস্থাপনা কেন গুরুত্বপূর্ণ? ব্যাখ্যা কর। ২

গ. ফরমায়েশ দানকারী প্রতিষ্ঠানের শর্তের সাথে মান ব্যবস্থাপনার কোন ধারণার মিল খুঁজে পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. ভবিষ্যতে এরূপ ক্ষয়ক্ষতি এড়াতে ডেল কোম্পানির জন্য করণীয় সুপারিশ কর। ৪

http://teachingbd.com

৬. মির্জা ফুড দৈনিক ৭৫,০০০ পিস বিস্কুট উৎপাদন করে এবং প্রতি প্যাকেটে ১৫টি করে বিস্কুট দেয়া হয়। সম্প্রতি প্যাকেট বাজারজাতকরণের জন্য একটি স্বয়ংক্রিয় মেশিন ক্রয় করা হয়েছে যা দৈনিক ৬৭,৫০০ বিস্কুট প্যাকেটজাত করতে পারে।

ক. প্রকৃত উৎপাদন ক্ষমতা কী? ১

খ. উৎপাদন ক্ষমতা সংরক্ষণ করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. প্রতিষ্ঠানটি বর্তমান সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা কত প্যাকেট? ব্যাখ্যা কর। ৩

ঘ. প্রতিষ্ঠানটির উৎপাদন প্রক্রিয়ার কেট্‌লনেক এর প্রভাব উদ্দীপকের তথ্যের আলোকে বিশ্লেষণ কর। ৪

৭. Polo কোম্পানি মে মাসে ৫০ টন আইসক্রীম তৈরি করে যা সেপ্টেম্বর মাসের মধ্যে সম্পূর্ণ বিক্রি হয়ে যায়। অক্টোবর মাসে প্রতিষ্ঠানটি ৫০ টন আইসক্রীম উৎপাদন করে কিন্তু ঋতু পরিবর্তনের কারণে পরবর্তী মাসে অধিকাংশ পণ্যই অবিক্রিত থেকে যায় এবং মেয়াদোত্তীর্ণ হয়ে যায়। এতে প্রতিষ্ঠানটি ব্যাপক ক্ষতির মুখে পড়ে।

ক. মান ব্যবস্থাপনা কী? ১

খ. সেবা পচনশীল ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে দ্রব্য না সেবা উৎপাদিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উৎপাদন ব্যবস্থাপনার কোন কাজটি যথাযথভাবে অনুসরণ না করাই Polo কোম্পানির ক্ষতির মূল কারণ? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৮. সূর্যমুখী লিঃ দীর্ঘদিন সুনামের সাথে শুধু সাদা রং এবং ১৫০ গ্রাম ওজনের প্রসাধনী সাবান তৈরি করে। ২০১৪ সালে প্রতিষ্ঠানটি ভোক্তাদের চাহিদা ও ক্রয়ক্ষমতা বিবেচনা করে ৫০ গ্রাম, ১০০ গ্রাম, ১৫০ গ্রাম ওজনের সাবান ভিন্ন ভিন্ন রং ও সুগন্ধী ব্যবহার করে উৎপাদন করে। এর ফলে প্রতিষ্ঠানের বিক্রয় পূর্বের চেয়ে অধিক বৃদ্ধি পেয়েছে। ২০১৩ সালে প্রতিষ্ঠানটি ২০ লক্ষ টাকা লোকসান দিলেও ২০১৪ সালে ১ কোটি টাকা মুনাফা অর্জন করে।

ক. পণ্য ডিজাইন কী? ১

খ. কোন ডিজাইনের ক্ষেত্রে পণ্যের উপযোগিতা ও মান সরাসরি বৃদ্ধি করা হয়— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়েছে— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে সাবানের ধরন উল্লেখপূর্বক ডিজাইন পরিবর্তনের যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

৯. জনাব সুমন তিনটি বিকল্প স্থানকে তার নতুন গার্মেন্ট কারখানার জন্য বিবেচনা করছেন। এগুলো হলো নাঃগঞ্জ, আশুলিয়া ও গাজীপুর। তিনি খোঁজ নিয়ে দেখলেন তিনটি স্থানেই সহজেই কর্মী পাওয়া যাবে। তবে গাজীপুর বা আশুলিয়া বিদেশী ক্রেতাদের যাতায়াতের জন্য অধিক উপযুক্ত। তবে যদি গুলশানে একটি শোরুম করেন তাহলে এই সমস্যা কাটিয়ে উঠা যাবে। তার প্রধান কারখানাটি নাঃগঞ্জ অবস্থিত। তিনি খোঁজ নিয়ে জেনেছেন আশুলিয়া বা গাজীপুরের চেয়ে নাঃগঞ্জ বিদ্যুৎ বিভ্রাটের পরিমাণ কম।

Teachingbd.com

http://teachingbd.com

ক. কম রেয়াত কী? ১

খ. "উৎপাদন ব্যবস্থার উন্নয়নে ব্যবসার অবস্থান গুরুত্বপূর্ণ"—ব্যাখ্যা কর। ২

গ. অবস্থান নির্ধারণে জনাব সুমনের কোন উপাদানটি বিবেচনার বাইরে রাখতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্যের আলোকে জনাব সুমনের উপযুক্ত ব্যবসায় অবস্থান সুপারিশ কর। ৪

১০. জনাব কিবরিয়ার একটি সাইকেল তৈরির কারখানা আছে। কারখানার দুটি অংশ। প্রথম অংশ সাইকেলের বিভিন্ন যন্ত্রাংশ যেমন— টায়ার, পেডেল, চাকা ইত্যাদি তৈরি হয়। এক্ষেত্রে শ্রমিকরা যন্ত্রাংশের ভিত্তিতে বিভিন্ন দলে ভাগ হয়ে কাজ করে। কারখানার দ্বিতীয় অংশে শ্রমিকরা বিভিন্ন যন্ত্রাংশ পর্যায়ক্রমে সংযোজন করে সাইকেল তৈরি করে।

ক. সার্ভিস লে-আউট কী? ১

খ. বিন্যাস ও ব্যয় সংকোচনের সম্পর্ক ব্যাখ্যা কর। ২

গ. কিবরিয়ার কারখানার প্রথম অংশে কিরূপ বিন্যাস বিদ্যমান আছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "সামষ্টিকভাবে কিবরিয়ার কারখানায় বিশেষায়িত ও সাধারণ কাজ সুসমন্বয় সম্ভব।" উদ্দীপকের তথ্যের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১. রিংকি বিবিএ শেষ করে 'সুখী ফ্যাশন' এবং 'স্মার্ট ফ্যাশন' নামে দুটি গার্মেন্টস ফ্যাক্টরী থেকে চাকুরির প্রস্তাব পান। 'সুখী ফ্যাশন' তিন তলা ভবনে অবস্থিত যার দ্বিতীয় তলায় কাটিং, প্যাকিং শাখা এবং তৃতীয় তলায় সুইং ও গুদামঘর অবস্থিত। অন্যদিকে 'স্মার্ট ফ্যাশন' দুই তলার বিশাল ভবনে অবস্থিত যার দ্বিতীয় তলায় ইংরেজি 'L' অক্ষরের ন্যায় কাটিং, সুইং, প্যাকিং ও গুদামঘর অবস্থিত। প্রতিটি বিভাগের কর্মীদের পোশাকের রং ভিন্ন হওয়ায় কেন্দ্রে অবস্থিত উৎপাদন ব্যবস্থাপক সহজেই কর্মীদের নিয়ন্ত্রণ করতে পারেন। দুটি ফ্যাক্টরীর তুলনামূলক সুবিধা বিবেচনা করে রিংকি 'স্মার্ট ফ্যাশন' এ যোগদান করার সিদ্ধান্ত নেন।

ক. বিন্যাস কী? ১

খ. কোন ক্ষেত্রে স্থির বিন্যাস উত্তম? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 'স্মার্ট ফ্যাশন' কারখানার বিন্যাসের কোন ধরনটি ব্যবহার করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. স্মার্ট ফ্যাশনের কারখানা বিন্যাসের ধরন উল্লেখপূর্বক রিংকি কেন ঐ প্রতিষ্ঠানে যোগদান করার সিদ্ধান্ত গ্রহণ করে তা যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

বিষয় ঃ উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড | ২ | ৮ | ৬ |

সময় ঃ ৩০ মিনিট

পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. উৎপাদনশীলতাকে কী বলা হয়?
ক) উৎপাদন ক্ষমতা   খ) উৎপাদনমুখীতা
গ) উৎপাদন সামঞ্জস্যতা   ঘ) উৎপাদন প্রবণতা

২. দ্রব্যের চাহিদা ও যোগান কীসের ওপর নির্ভর করে?
ক) উৎপাদন মূল্যের ওপর   খ) বিনিময় মূল্যের ওপর
গ) সেবা মূল্যের ওপর   ঘ) পণ্য মূল্যের ওপর

৩. জনসংখ্যা বৃদ্ধির ফলে ভূমির কোনটি ঘটছে?
ক) যোগান হ্রাস   খ) যোগান বৃদ্ধি
গ) উৎপাদন হ্রাস   ঘ) উৎপাদন বৃদ্ধি

৪. শ্রমের দর কষাকষির ক্ষমতা কেমন?
ক) খুব কম   খ) খুব বেশি   গ) স্থির   ঘ) বৃদ্ধি পাচ্ছে

৫. শ্রম বিভাজন হলো—
i. উৎপাদন কার্যকে সঠিকভাবে সম্পাদন করা
ii. উৎপাদনের সাথে জড়িত কাজগুলোর একত্রে বিন্যাস
iii. উৎপাদনের সাথে জড়িত কাজগুলোকে ক্ষুদ্র ক্ষুদ্র অংশে ভাগ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৬. মাত্রাজনিত ব্যয় সংকোচন পরিমাপের ক্ষেত্রে গড় ব্যয় এবং উৎপাদনের পরিমাণের মধ্যে কোন ধরনের সম্পর্ক ব্যক্ত করে?
ক) একমুখী   খ) বিপরীতমুখী
গ) সমান্তরাল   ঘ) উলম্ব

৭. কোনটি ব্যবসায়ের গতি প্রকৃতি নির্দেশ করে?
ক) জাতীয় আয়   খ) জাতীয় উৎপাদন
গ) মাথাপিছু আয়   ঘ) দেশজ উৎপাদন

৮. ব্যয়ের দৃষ্টিকোণ থেকে GNP-এর সূত্র কোনটি?
ক) (+I + (X–M)   খ) (+I+G+(X–M)×CA
গ) C+I+G (X–M)   ঘ) C+G+(X–M)

নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও ঃ
সাফরা গ্রুপ ২০১৫ সালে ২ কোটি টাকার পণ্য উৎপাদন করে যা গত বছরের উৎপাদনের প্রায় দ্বিগুণ, এ সময়ে তাদের মোট উপকরণের ব্যবহারের পরিমাণ ছিল ৯০,০০,০০০ টাকা, বেতন ও মজুরি ২০,০০,০০০ এবং অন্যান্য ২০,০০,০০০ টাকা।

৯. সাফরা গ্রুপের ২০১৫ সালের উৎপাদনশীলতার পরিমাণ কত?
ক) ১.৫০   খ) ১.৫৪   গ) ১.৮২   ঘ) ১.৯৫

১০. সাফরা গ্রুপের ২০১৫ সালের উৎপাদনশীলতা—
i. ব্যবস্থাপনার দক্ষতা প্রমাণ করে
ii. প্রতিষ্ঠানের অগ্রগতির স্বাক্ষর বহন করে
iii. কার্য সন্তুষ্টি বৃদ্ধি করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii   গ) ii ও iii   ঘ) i, ii ও iii

১১. কোন দেশের জাতীয় আয় নির্ধারণে কোন উপাদানটি বাদ দেয়া হয়?
ক) পরোক্ষ করে   খ) হস্তান্তর পাওনা
গ) সরকারের অর্জিত মুনাফা   ঘ) ভর্তুকি

১২. চূড়ান্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত পণ্যকে কী বলা হয়?
ক) ভোগ্য পণ্য   খ) বিপণন পণ্য
গ) শিল্প পণ্য   ঘ) জরুরি পণ্য

১৩. জীবন বিমা কোন ধরনের পণ্য?
ক) সৌখিন পণ্য   খ) জরুরি পণ্য
গ) বিশিষ্ট পণ্য   ঘ) অযাচিত পণ্য

১৪. সেবার উপযোগিতা কোন ধরনের?
ক) দৃশ্যমান   খ) অদৃশ্যমান
গ) বহনযোগ্য   ঘ) সংরক্ষণযোগ্য

১৫. পণ্যের উৎপাদনের পরিমাণ বৃদ্ধি এবং একক প্রতি ব্যয় হ্রাস পায় পণ্যের জীবনচক্রের কোন পর্যায়?
ক) সূচনা   খ) প্রবৃদ্ধি
গ) পতন   ঘ) পণ্য উন্নয়ন

১৬. উৎপাদন ব্যবস্থাপনার ধারণাটি কোন ধরনের প্রক্রিয়া?
ক) চেইন প্রক্রিয়া   খ) একক প্রক্রিয়া
গ) চলমান প্রক্রিয়া   ঘ) স্থিতিশীল প্রক্রিয়া

১৭. পণ্য ডিজাইন শুরু হয় কোন পর্যায় থেকে?
ক) উদ্যোগ গ্রহণ   খ) সামর্থ্য বিশ্লেষণ
গ) ধারণা উন্নয়ন   ঘ) চূড়ান্ত উৎপাদন

১৮. সামগ্রিক মান ব্যবস্থাপনা কোনটি?
ক) কার্য প্রক্রিয়ার সমষ্টি   খ) বিক্রয় প্রক্রিয়ার সমষ্টি
গ) বন্টন প্রক্রিয়ার সমষ্টি   ঘ) বাজারজাতকরণ প্রক্রিয়ার সমষ্টি

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও ঃ
ইফাদ কোম্পানি বিস্কুট উৎপাদন ও বিপণন করে। সম্প্রতি প্রতিষ্ঠানটি তাদের বিস্কুটে বাদাম ও কিসমিস সংযোজন করে নতুন রূপে নতুন স্বাদে বিপণন শুরু করে। এতে প্রতিষ্ঠাটির পণ্যের বাজার চাহিদা বৃদ্ধি পায়।

১৯. উদ্দীপকে চাহিদা বৃদ্ধিতে কোন ডিজাইনের ভূমিকা লক্ষ করা যায়?
ক) ক্রিয়াগত   খ) নান্দনিক
গ) উৎপাদন   ঘ) প্যাকেজিং

২০. এরূপ ডিজাইনের ফলে—
i. পণ্যের উপযোগিতা বৃদ্ধি পায়
ii. শুধুমাত্র পণ্যের মোড়ক পরিবর্তিত হয়
iii. পণ্যের বাজার সম্প্রসারিত হয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

২১. মানসম্পন্ন পণ্য উৎপাদনের জন্য প্রয়োজন কোনটি?
ক) মান নিয়ন্ত্রণ   খ) প্রক্রিয়া নিয়ন্ত্রণ
গ) মান মূল্যায়ন   ঘ) বিক্রয় মূল্যায়ন

২২. উৎপাদন ক্ষমতার অর্থ কী?
ক) ব্যয়ের সর্বোচ্চতা হ্রাসকরণ
খ) সর্বোচ্চ উৎপাদনের পরিমাণ
গ) সর্বনিম্ন উৎপাদনের পরিমাণ
ঘ) সর্বোচ্চ মজুদ পণ্যের পরিমাণ

Teachingbd.com

২৩. বাংলাদেশে ব্যাপকভাবে পাটশিল্প গড়ে ওঠার পিছনে প্রধ ন কারণ কোনটি?
ক সস্তা শ্রমিক খ কাঁচামালের প্রাপ্যতা
গ বন্দর সুবিধা ঘ রপ্তানি সুবিধা

২৪. যন্ত্রের উৎপাদনশীলতা বিবেচনা করে সর্বোচ্চ উৎপাদ ক্ষমতা নির্ধারণ করা হলে তাকে কী বলে?
ক সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা
খ প্রকৌশলগত উৎপাদন ক্ষমতা
গ কার্যকর উৎপাদন ক্ষমতা
ঘ প্রকৃত উৎপাদন ক্ষমতা

২৫. কোনটির কারণে শহরে সংস্থাপন ব্যয় আপনা-আপনি বৃদ্ধি পায়?
ক শ্রমশক্তি বেশি হওয়ায়
খ জমির মূল্য বেশি হওয়ায়
গ সাংগঠনিক খরচ বেশি হওয়ায়
ঘ ব্যবস্থাপনা ব্যয়বহুল হওয়ায়

২৬. কোথায় শিল্প প্রশাসন সহজ হয়?
ক কেন্দ্রীয়করণে খ বিকেন্দ্রীয়করণে
গ স্থানীয়করণে ঘ বিপণনে

২৭. উত্তম বিন্যাসে কোন ধরনের স্থানের সর্বোচ্চ ব্যবহারের বিষয়টি অন্তর্ভুক্ত থাকে?
ক অনির্দিষ্ট খ বরাদ্দকৃত গ বিশেষ ঘ জনবহুল

২৮. স্থির বিন্যাসের সুবিধা হল—
i. নমনীয়তা
ii. ধারাবাহিক উন্নয়ন
iii. পৃথক কর্মসূচি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও ঃ**
ভেনাস লিমিটেড তাদের নিজস্ব কারখানার মাধ্যমে টায়ার উৎপাদন করে। তাদের তৈরিকৃত টায়ার বাজারে ভালো চললেও এ বছর পণ্যের মান নিম্ন হওয়ায় প্রতিষ্ঠানটি সমস্যার সম্মুখীন হয়। পরবর্তীতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পণ্যের মান উন্নয়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করে।

২৯. ভেনাস লিমিটেড নিম্নমানের পণ্য পরীক্ষা করতে যে অতিরিক্ত ব্যয় করে তাকে কী বলা হয়?
ক এ্যাপ্রাইজাল কস্ট খ প্রিভেনশন কস্ট
গ ইন্টারনাল ফেইলার কস্ট ঘ এক্সটারনাল কস্ট

৩০. ভেনাস লিমিটেড উক্ত ব্যয় ব্যবস্থাপনাকে কীভাবে সাহায্য করবে?
ক পণ্যের উপযোগ সৃষ্টি করে খ পণ্যের যোগান সৃষ্টি করে
গ পণ্যের মান নিশ্চিত করে ঘ পণ্যের ব্যবহার বৃদ্ধি করে

Teachingbd.com